

নতুন পণ্য

# মুখের সুগন্ধে রুচি মাউথ ফ্রেশনার

**লিমি** হিলক্রিমের ছাত্রী। দেখতে সুন্দরী, চলনে বলনেও স্মার্ট। সহজেই সবার দৃষ্টি আকর্ষণ করার ক্ষমতা রাখে সে। কিন্তু সমস্যা অন্য জায়গায়, যখন কথা বলতে যায় তখন। বিষয়টি আর কিছুই নয় ‘মুখের দুর্গন্ধ’। এ নিয়ে লিমিকে প্রায়ই বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয়। কদিন আগে এক বিয়ের অনুষ্ঠানে লিমি বসেছিল অতিথিদের আসনে। এক বোকা সুদর্শন কিছুক্ষণ তার সঙ্গে কথা বলতেই বলে বসলো, আপনি কী টুথপেস্ট ব্যবহার করেন



না?

কেন! করিতো।

বেচারা লিমি তো

রীতিমত বিব্রত। এমন

বিব্রতকর অবস্থায় লিমিকে এর আগেও পড়তে হয়েছে। লিমি যে এ বিষয়ে ডাঙ্কারের সঙ্গে যোগাযোগ করেনি তা নয়। সে ওরাল হাইজিন বিষয়ে চিকিৎসকের সঙ্গে

কথাও বলেছে। ডাঙ্কার জানিয়েছেন, এমন সমস্যা অনেকেরই হয়। বিশেষ করে রিচ ফুড খাবার পর অনেকেরই মুখে গন্ধ হয়। আবার অনেকের এটা নিয়মিত সমস্যা।

লিমির মতো যাদের এ ধরনের সমস্যা প্রায়ই দেখা দেয় তাদের অন্যতম সমাধান ‘রুচি মাউথ ফ্রেশনার’ বা মুখ সুগন্ধি মসলা। ক্ষয়ার কনজিউমার রুচি ব্র্যান্ড এবার বাজারে এনেছে মুখ সুগন্ধি মসলা। যা ব্যবহারে মুহূর্তেই আপনার নিঃশ্বাসে আসবে সজীবতা।

এতে রয়েছে শুকনো খেজুর, নারকেল, তরমুজ বীজ, ধনে ডাল, সিলভার কোটেড কারভামোম, প্রাকৃতিক সুগন্ধি, স্যাকারিন, ম্যানথল, চিনিসহ নানা প্রাকৃতিক উপাদান।

আগে দেশে ভালো মানের মুখ সুগন্ধি না থাকার কারণে ভারতীয় পণ্য বাজার দখল করেছিল। এখন রুচির কারণে তা প্রতিহত করা সম্ভব হয়েছে। উল্লেখ্য, ২ গ্রামের চমৎকার রুচি মাউথ ফ্রেশনারের দাম মাত্র ২ টাকা। আপনি চাইলে আপনার কাছেই বা হ্যান্ড ব্যাগে দু'একটি রুচি মাউথ ফ্রেশনার অন্যাশেষেই রেখে দিতে পারেন।

## রূপচর্চা

### তৃক সৌন্দর্যের ৫ ফর্মুলা

আমরা প্রায়ই তৃক নিয়ে সমস্যায় পড়ে থাকি।

তৃকের বিভিন্ন ধরনের সমস্যা দেখা দেয়।

মনে রাখবেন সৌন্দর্যের প্রধান মাধ্যম হচ্ছে

আপনার তৃক, এই তৃককে উজ্জ্বল আর মসৃণ রাখা সব সময় প্রয়োজন। তৃক উজ্জ্বল আর মসৃণ রাখার কিছু উপায় আছে, যা থেকে আমরা তৃককে সুন্দর, মসৃণ ও উজ্জ্বল রাখতে পারবো-

১. দিনের বেলায় কোথাও বের হলে সব সময় সান্ত্বিন ব্যবহার করবেন, এতে তৃক উজ্জ্বল আর মসৃণ থাকবে এবং সূর্যের অতি বেগুনি রশ্মি থেকে তৃক রক্ষা পাবে।

২. অতিরিক্ত সাবান বা ক্ষারজাতীয় জিনিস ব্যবহার না করাই ভালো। মাঝে মাঝে ভিটামিন-ই যুক্ত তেল বা লোশনের সঙ্গে কোল্ড ক্রিম মিশিয়ে তৃকে লাগাতে পারেন। এতে তৃকের উজ্জ্বলতা বৃদ্ধির পাশাপাশি মসৃণতা বজায় থাকবে। তবে তৃককে সজীব রাখতে সাহায্য করবে।

৩. যাদের মুখে খাল মুখে হেডস্ আছে, তাদের দুশ্চিন্তা থেকে মুক্ত করার উদ্দেশ্যেই এই প্র্যাকটিল নিয়মাবলী নিচে দেয়া হলো।

এক চা চামচ ভুষি, আধা চামচ ওটমিল, আধা চামচ কর্ণফ্লাওয়ার বা ময়দার সঙ্গে পরিমাণমতো গোলাপ পানি একসঙ্গে মিশিয়ে ঘন করে মিশ্রণ বানিয়ে নিন। মুখের খাল হেডসের ওপর



লাগান। শুকিয়ে যাবার জন্য অপেক্ষা করুন। এরপর পরিষ্কার ঠাণ্ডা পানি দিয়ে ধূয়ে ফেলুন।

৪. যাদের মুখে আজেবাজে দাগ আছে তারা কিছুটা শসা বাটার সঙ্গে কয়েক ফেঁটা লেবুর রস মিশিয়ে লাগাতে পারেন। উপকার পাবেন।

৫. যাদের উজ্জ্বল শ্যামলা বর্ণের তৃক কিন্তু শুক, তারা তৃক ফর্সা করার জন্য চন্দন, মালাই আর সামান্য হলুদ একসঙ্গে মিশিয়ে নিয়মিত সঞ্চাহ দুয়েক মুখে লাগান। এতে করে তৃকে আসবে উজ্জ্বলতা। আরো ফর্সা করবে তৃক।

রোজিনা সুষ্ঠি